PRE K

K
1
2
3
4
5
6
7
8

বড়মাপের প্রত্যাশা

আপনার সন্তানের ভবিষ্যতের জন্য সহযোগী হওয়া

Department of Education

Joel I. Klein, Chancellor

বড়মাপের স্কুলগুলো বড়মাপের প্রত্যাশা নিয়ে শুরু করে

প্রতিটি গ্রেডে প্রতিটি শিক্ষার্থীর কী জানা উচিত এবং কী করতে সমর্থ হতে হবে, শিক্ষার মান তার মূলসূত্র বর্ণনা করে। সব ছেলেমেয়ে পরের গ্রেডে উত্তীর্ণ হওয়ার এবং পরবর্তীতে, কলেজে সফলতালাভের, জীবিকা-অর্জনের এবং নিজেদের কম্যুনিটির একজন সৃষ্টিশীল সদস্য হওয়ার জন্য প্রস্তুত রয়েছে, এসব মান এই বিষয়গুলোই নিশ্চিত করে থাকে। ছেলেমেয়েদের উচিত নিজেদের মাঝে লেখাপড়ার প্রতি ভালোবাসা তৈরি করা যে-ভালোবাসা বর্তমান বিশ্বে, যেখানে গুরত্বপূর্ণ তথ্য দ্রুত পরিবর্তিত হয় ও বৃদ্ধি পায়, তাদের প্রয়োজনে আসবে।

প্রতিযোগিতাপূর্ণ বিশ্ব অর্থনীতিতে কাজ সন্ধান করার এবং দ্রুত পরিবর্তনশীল বিশ্বে কার্যকর হওয়ার জন্য আমাদের ছেলেমেয়েদের অতীতের যেকোন সময়ের চেয়ে বেশি জানতে হবে। যেসব স্নাতক চারবছরের কলেজে ভর্তি হতে চায় এটি তাদের ক্ষেত্রে সত্যি; এটি একইভাবে সত্যি সেসব শিক্ষার্থীর জন্যও যারা হাই স্কুল থেকে বেরিয়েই পেশাজীবন শুরু করতে চায়।

আমাদের ব্যবহৃত নিউ ইয়র্ক স্টেটের মানদণ্ডগুলো আমাদের শিক্ষার্থীদের একটি কঠোর পাঠক্রম প্রদান করে। এর উদ্দেশ্য শিক্ষার্থীদের আধুনিক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করার উপযোগী সৃজনশীলতা, সূক্ষ্ম চিন্তাশক্তির দক্ষতা ও সমস্যাসমাধানের সামর্থ্য লাভ নিশ্চিত করা। তবে এসব মান শুধুই সূত্রপাত, লক্ষ্য নয়। জ্ঞানের একটি সুদৃঢ় ভিত্তি লাভ করে এবং সেই ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়ে আমাদের শিক্ষার্থীরা তাদের শিক্ষার সর্বাধিক সুফল অর্জন করবে।

এখানে আপনারা প্রি-কিন্ডারগার্টেনের শিক্ষার্থীদের স্কুলবছরের শেষে ভাষা শৈলী, অঙ্ক, সমাজপাঠ, বিজ্ঞান এবং শিল্পকলায় কী জানা থাকা উচিত এবং কী করতে সমর্থ হতে হবে, তার উদাহরণ পাবেন। পরিবার হিসাবে শিক্ষাক্ষেত্রে আপনি বাড়িতে, নিজের মহল্লায় এবং আমাদের এই চমৎকার সিটির সর্বত্র কোন্ ধরনের সহায়তা দিতে পারেন সেকথাও আপনি জানবেন।

এই নির্দেশিকা কিন্ডারগার্টেনে অনুসৃত মাপকাঠির ক্ষুদ্র একটি নমুনামাত্র উপস্থাপিত করে। বাকি আদর্শগুলোর খবর কী? আপনার সন্তান ১ম গ্রেড বা তার পরে কী শিখবে? এই প্রশ্নগুলোর সবকটির উত্তরই আপনি পাবেন আপনার সন্তানের শিক্ষকের কাছে অথবা আমাদের www.nyc.gov/schools/academics/EarlyChildhood ওয়েবসাইটে।

স্কুলে সাফল্যলাভে সহায়ক অভ্যাস

- ❑ একটি রুটিন তৈরি করে আপনার সন্তানকে রোজ রাতে একই সময়ে বিছানায় পাঠান।
- ❑ পড়ুন! পড়ুন! পড়ুন! রোজ ইংরেজি বা আপনার মাতৃভাষায় কুড়ি মিনিট। আপনার সন্তান ও আপনি যখন একত্রে আরামে বসবেন তখন সময়টাকে উপভোগ্য করে তুলুন।
- ❑ আপনার রোজকার কর্মকাণ্ডে গোনার বিষয়টি অন্তর্ভুক্ত করুন।

অন্যান্য আইডিয়ার জন্য www.nyc.gov/schools/academics/EarlyChildhood ওয়েবসাইট দেখুন।

প্রতিবন্ধী শিক্ষার্থী

মৃদু থেকে মাঝারি প্রতিবন্ধী হিশেবে চিহ্নিত শিক্ষার্থীরা সরকারি স্কুল কাঠামোয় ইউনিভার্সেল প্রি-কিন্ডারগার্টেন প্লাস কর্মসূচিতে অংশগ্রহণ করে। এসব ছেলেমেয়ে তাদের স্বাভাবিকভাবে বেড়ে ওঠা সহপাঠীদের সাথে একই ইনক্লুশন ক্লাসে লেখাপড়া করে। ছেলেমেয়েদের মান অর্জনে সহায়তা করার লক্ষ্যে শিক্ষার্থীদের প্রতি আলাদাভাবে মনোযোগ দেয়ার জন্য শিক্ষার্থীপিছু পরিষেবা প্রদানকারীর অনুপাত হ্রাসে অতিরিক্ত কর্মী নিযুক্ত করা হয়। শিক্ষার্থীরা তাদের ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রামের (আইইপি) ভিত্তিতে বাড়তি সহায়তা পেতে পারে।

আপনার সন্তানের শিক্ষককে জিজ্ঞাসা করুন

আপনার সন্তান স্কুলে কী শিখছে এবং আপনি বাড়িতে কীভাবে এই শিক্ষায় সহায়তা দিতে পারেন, শিক্ষার মান আপনাকে সে সম্পর্কে শিক্ষকদের সাথে কথা বলার বিরাট সুযোগ এনে দেয়। আপনি যেসব প্রশ্ন করতে পারেন তার কিছু নমুনা এখানে দেয়া হল।

মান সম্পর্কে আরও জানার জন্য:

- ❑ শিক্ষার্থীর এমন কিছু কাজের নমুনা আপনি কি আমাকে দেখাতে পারেন যেগুলো এই মান পূরণ করেছে ?
- ❑ আমার সন্তানের কাজ কী যথাযথ?
- ❑ আমার সন্তানকে এই মান পূরণে বা অতিক্রমে সাহায্য করার জন্য আপনারা স্কুলে কী কী কার্যক্রম বা উপকরণ ব্যবহার করছেন?
- ❑ আমার সন্তান এ বছর কী কী শিখবে বলে প্রত্যাশিত?

আমার সন্তান স্কুলে কেমন করছে তা জানার জন্য:

- ❑ আমার সন্তান কি নিজেকে স্কুলে মানিয়ে নিচ্ছে?
- ❑ আমার সন্তানের কি বন্ধু আছে?
- ❑ আমার সন্তান কি সহজে বন্ধুত্ব পাতাতে পারে?
- ❑ আমার সন্তান কি অন্যান্য শিক্ষার্থী ও প্রাপ্তবয়স্কদের সাথে সহযোগিতা করে?
- ❑ আমার সন্তান কি শিক্ষকের সাথে ভাববিনিময় করতে পারে?
- ❑ আমার সন্তান কি অন্যান্য ছেলেমেয়েদের সাথে ভাববিনিময় করতে পারে?
- ❑ আমার সন্তান কি প্রশ্ন জিজ্ঞেস করে?
- ❑ আপনি আমার সন্তানের ব্যাপারে দুশ্চিন্তা করার মত কোন কিছু দেখেছেন?
- ❑ আমর সন্তান কি স্কুলে আসতে পেরে নিজেকে আত্মবিশ্বাসী মনে করে?

আপনার সন্তানকে কীভাবে সহায়তা দিতে হয় তা জানার জন্য:

- ❑ আমি বাড়িতে আমার সন্তানকে কীভাবে সহায়তা করতে পারি?
- ❑ আমার সন্তান কেমন করছে এ-ব্যাপারে হালনাগাদ থাকার সেরা উপায়গুলো কী কী?
- ❑ আমার সন্তানকে সহায়তা করার জন্য আমি কোথায় বাড়তি সহায়তা পেতে পরি?

PRE K

প্রি-কিন্ডারগার্টেন শিক্ষার্থী ও তাদের পরিবারের জন্য বেড়ে ওঠা এবং অনুসন্ধানের জন্য একটি চমৎকার ও আকর্ষণীয় সময়। শিশুরা যেহেতু জীবনের ভিন্ন ভিন্ন পর্যায়ে এবং সময়ে বেড়ে ওঠে সেহেতু প্রি-কিন্ডারগার্টেনের শেষে একজন শিক্ষার্থী কী ধরনের কৃতিত্বের অধিকারী হবে তার পূর্বাভাস দেয়া সহজ নয়। বিকাশ অমসৃণ হতে পারে, তবে গবেষণা, তত্ত্ব ও অনুশীলনের নিরিখে কিছু সাফল্য পরিলক্ষিত হয়েছে। আমরা আশা করছি প্রি-কিন্ডারগার্টেন বছরের শেষে আপনার সন্তানের কী ধরনের অগ্রগতি লাভ করা উচিত, সে-ব্যাপারে এই নির্দেশিকা আপনাকে ভেতর-সন্ধানী তথ্য দেবে।

ভাষা শৈলী

স্কুলবছরের শেষে অধিকাংশ শিক্ষার্থী যে কাজগুলো করতে পারবে:

- বর্ণমালার কিছু অক্ষর চিনবে।
- অক্ষর এবং ধ্বনির মধ্যে সম্পর্ক নির্ণয় করবে।
- সবসময়ে চোখে পড়ে এমন কিছু সাইট ওয়ার্ড জানবে।
- নির্দিষ্ট কোন বিষয়ে তথ্য বিনিময় করবে।
- ভাববিনিময়ে আঁকাবাঁকা লেখা, কাঠ, ঢেউ খেলান রেখা, আঁকিবুঁকি ব্যবহার করে।
- নিজেদের নামের অক্ষর লিখতে পারে।
- প্রশ্ন এবং/অথবা নির্দেশের মৌখিক জবাব দেয়।
- নতুন শব্দ আবিষ্কার করে।
- বিভিন্ন ধরনের বিষয়, অভিজ্ঞতা ও কর্মকাণ্ডের ব্যাপারে প্রাপ্তবয়স্ক ও সহপাঠীদের সাথে আলোচনায় অংশ নেয়।
- প্রিয় গল্পগুলো বারংবার শুনতে মজা পায়।

আপনার সন্তান ও আপনি আনন্দ পেতে পারেন এমন কিছু বই এবং ওয়েবসাইট।

অ্যালিগেটর্স অল অ্যারাউন্ড, লেখক ম্যারিস সেনডাক

চিকা, চিকা, বুম, বুম লেখক বিল মার্টিন, জুনিয়র এবং জন আর্চামবল্ট

স্নোয়ি ডে লেখক এজ্রা জ্যাক কিটস

হোয়্যার দি সাইডওয়াক এন্ডস লেখক শেল সিলভারস্টিন

www.colorincolorado.org

www.starfall.com

http://enchildrenslibrary.org

www.seussville.com

বাড়িতে শেখা

নিচের কৌশলগুলো পরিবারের মাতৃভাষায় অথ বা ইংরেজিতে প্রয়োগ করা যেতে পারে।

আপনার সন্তানের সাথে রোজ ২০ মিনিট কিছু পড়ুন। কাহিনিটি সম্পর্কে এবং পরে কী ঘটবে সে-ব্যাপারে কথা বলে এবং এর পর কী ঘটবে তা অনুমান করে সময় কাটান। বইয়ের ছবিগুলো সম্পর্কে আপনার সন্তানকে কথা বলতে দিন। আপনার সন্তানকে গল্পটা শোনার পর নিজে নিজে বলতে দিন।

আপনি যখন আপনার সন্তানের বয়সে ছিলেন তখন কেমন ছিল অবস্থা, সে-ব্যাপারে ***একটি গল্প বলুন।***

একটি হাসির গান গেয়ে শোনান। যেমন, দিস ওল্ডম্যান এর সুরে নিচের গানটি করুন (*This Old Man*):

This old man, he sings *H* songs
He sings *H* songs all day long
With a Hick, Hack, Haddy, Hack
Sing this silly song
He wants you to sing along.

(হাসির জন্য অন্য অক্ষর ব্যবহার করুন, যেমন আর, পি, বি।)

পাবলিক লাইব্রেরির সদস্য হোন। এখানে আপনার সন্তান ও আপনি পড়ার জন্য যেকোন ভাষার বই খুঁজতে পারবেন। সন্তানের থেকে আপনি অডিও বুক ধার করতে পারেন।

বাড়িতে শেখা

আঙুল গোনা খেলায় ইংরেজিতে সংখ্যা চেনা, যেমন:

One, Two, Buckle My Shoe
One 1, two 2, buckle my shoe
Three 3, four 4, shut the door
Five 5, six 6, pick up sticks
Seven 7, eight 8, lay them straight
Nine 9, ten 10, let's do it again

আপনার বাড়ির আশেপাশে ভিন্ন ভিন্ন আকৃতি শনাক্ত করতে বলুন।

নিচের উপকরণগুলো মেপে নিয়ে *দুজনে মিলে প্লে ডো তৈরি করুন:*

- দুকাপ ময়দা
- এককাপ পানি
- আধাকাপ লবণ
- কয়েক ফোঁটা ফুড কালার

সব উপকরণ ভাল করে মেশান।

আপনার সন্তান ডো (মণ্ড) গোল করতে, ছুঁড়তে, কোন আকার দিতে বা ছাঁচ তৈরি করতে পারে।

আপরি *আপনার মাতৃভাষাতেও আপনি সংখ্যার খেলা খেলতে পারেন।*

অঙ্ক

স্কুলবছরের শেষে, অধিকাংশ শিক্ষার্থী যা করতে সমর্থ হবে:

- ১ থেকে ১০ পর্যন্ড়, এক এক করে, জোরে জোরে গুনতে পারবে।
- ছবি অথবা অন্য কোন প্রতীক এঁকে ১০ পর্যন্ত সংখ্যা লিখুন।
- ম্যানিপুলেটিভ ব্যবহার করে যোগ এবং বিয়োগের ধারণা দিন। যেমন, "১ কিউব প্লাস ২ কিউব সমান কত কিউব?"
- অঙ্ক-সংশ্লিষ্ট ভাষা বুঝিয়ে দিন এবং ব্যবহার করুন, যেমন প্রথম, শেষ, আরও, কম, সবচেয়ে বেশি এবং অনুরূপ।
- সমান অথবা ভিন্ন, ভিন্ন মাপের বৃত্ত, ত্রিভুজ, বর্গক্ষেত্র এবং আয়তক্ষেত্র খুঁজে বের করে মিল নির্দেশ করুন।
- নিরেট আকৃতি নিয়ে খেলুন (যেমন বিল্ডিং ব্লক, সিলিন্ডার, কিউব, স্ফেয়ার, পিরামিড)।
- অঙ্কের ধারণা বোঝায় এমন ভাষা ব্যবহার করুন, যেমন মাপ, দৈর্ঘ্য এবং উচ্চতা বোঝাতে বৃহত্তর, দীর্ঘতর এবং উচ্চতর।
- সময় নির্দিষ্ট করুন, যেমন দিন অথবা রাত।
- গ্রাফ অঙ্কনের করার জন্য বাস্তব জিনিস ব্যবহার করুন।
- কোন জিনিসের বৈশিষ্ট্য বর্ণনা করুন। যেমন একটি ত্রিভুজের কয়টি বাহু?

আপনার সন্তান ও আপনি করে আনন্দ পেতে পারেন এমন কয়েকটি বই এবং ওয়েবসাইট।

ফিশ আই: এ বুক ইউ ক্যান কাউন্ট অন লেখক লইস এহলার্ট।

আই নিউ টু হু সেইড মু লেখক জুডিথ ব্যারেট ও ড্যানিয়েল মোরেটন

মিটেন কাউন্ট লেখক ওয়েন্ডি ই. অগার

এ পেয়ার অব সকস্ লেখক স্টুয়ার্ট জে মারফি

http://home.disney.go.com/foryou/preschool/

www.playhousedisney.com

বিজ্ঞান ও সমাজপাঠ

স্কুলবছরের শেষে বেশিরভাগ শিক্ষার্থী এগুলো করতে পারবে:

- চারপাশের জগৎ সম্পর্কে জানতে নিজেদের ইন্দ্রিয় ব্যবহার করতে পারবে।
- সাধারণ জিনিসপত্র, যেমন স্কেল, ম্যাগনিফাইয়িং গ্লাস মাইক্রস্কোপ ব্যবহার করতে পারবে।
- গাছপালা ও প্রাণী দেখে বর্ণনা করতে পারবে।
- প্রাকৃতিক জগৎ যেমন পাতা, পাথর, ওকফল, বালু এবং মাটি দেখে বর্ণনা করতে পারে।
- বেশ কিছুদিনের আবহাওয়ার চার্ট তৈরি করে মরশুমের পরিবর্তন লক্ষ করুন।
- নিজের যত্ন নিতে সময় দেবে (যেমন হাত ধোয়া, দাঁতের যত্ন, এবং সার্বিক পরিষ্কার পরিচ্ছন্নতা)।
- প্রত্যেক মানুষই আলাদা এবং গুরুত্বপূর্ণ এটি বুঝবে।
- প্রত্যেক মানুষের নিজস্ব পছন্দ-অপছন্দ আছে জানবে।
- বিশ্বের বিভিন্ন দেশের মানুষের সাথে পরিচয় করিয়ে দেয় এমন গল্প শুনবে।
- বাড়ি, ক্লাসরুম এবং স্কুলের পরিবেশে মিল দেখতে পারবে।
- অঙ্কন ও ব্লক বিল্ডিংয়ের মাধ্যমে নিজেদের বাড়ি, ক্লাসরুম, স্কুল ও মহল্লা বোঝাতে পারবে।
- কম্যুনিটির বিভিন্ন জায়গায় গিয়ে সমাজ কর্মীদের কথা শুনে সমাজ কর্মীদের ভূমিকা বুঝতে পারবে।

বাড়িতে শেখা

এটা ডুবে যাবে না ভেসে থাকবে? প্লাস্টিকের ছোট একটি পাত্র পানি ভর্তি করুন। কয়েকটা জিনিসের পরিচয় দিন এবং আপনার সন্তানকে আঁচ করতে বলুন কোন জিনিসগুলো ডুবে যাবে বা ভেসে থাকবে।

বেক করার সময়ে উপকরণ মাপতে আপনার সন্তানের সাহায্য নিন। তাপমাত্রা ও সময়ের ধারণার সাথে তাকে পরিচিত করুন।

আকার, আকৃতি ও রং ভেদে ***বিভিন্ন জিনিসের শ্রেণিভাগ করুন,*** যেমন সিরিয়েলের বাক্স, কৌটাজাত খাবার, বোতাম, বই।

কোথায় আছেন বের করতে ***ট্রেনে বা বাসে*** সন্তানকে নিয়ে ম্যাপ দেখুন।

আপনার সন্তানকে ***পরিবারের ছবি দেখান*** যাতে সে পরিবারের ইতিহাস জানতে পারে।

মহল্লার লোকজন এবং তারা কী কাজ করে ***সেকথা বলুন।***

আপনার সন্তানকে পরিবারের পোষা প্রাণীর যত্ন নিতে দিন।

এখানে কিছু বই ও ওয়েবসাইটের নাম দেয়া হল যেগুলো আপনার সন্তান ও আপনি উপভোগ করতে পারবেন।

ইট লুকড লাইক স্পিল্ট মিল্ক, লেখক চার্লস জি শ্য

মাই ফাইভ সেন্সেস, লেখক আলিকি, *এবং রেইন,* লেখক মানিয়া স্টোইক

শেপস, শেপস, শেপস, লেখক টানা হোবান

www.howstuffworks.com

www.SteveSpanglerScience.com

ব্রাইট আইস, ব্রাউন স্কিন, লেখক শেরিল উইল্‌স্ হাডসন ও বানট জি ফোড

সাইডওয়াক চক: পোয়েমস অব দি সিটি, লেখক ক্যারল বস্টন ওয়েদারফোর্ড এবং দিমিত্রি টোকানবো

টিকি টিকি টেমবো, লেখক আর্লেন মোসেল

টাইম টু সে প্লিজ, লেখক মো উইলেমস

http://pbskids.org/

www.neopets.com

বাড়িতে শেখা

নাচ, সঙ্গীত, থিয়েটার দৃশ্যকলায় *আপনার সন্তানের শিল্পকলা শিক্ষণ* সম্পর্কে কথা বলুন এবং তাদেরকে বলুন তারা যা শিখেছে তার বর্ণনা দিতে এবং আপনাকে শেখাতে।

আপনার সন্তানকে আপনার পরিবার জানে এমন সামাজিক ও লোকনৃত্য শেখান; পরিবারের সবাই মিলে বাজনা বাজান ও গান গান; এবং আপনার পরিবারের ইতিহাস ও সংস্কৃতি নিয়ে গল্প বলুন।

পারিবারিক বাসস্থানে *আপনার সন্তানের শিল্পকর্ম প্রদর্শন করুন* এবং আপনার বাড়িতে যেসব দৃশ্য শিল্পকর্ম আছে, যেমন পারিবারিক ছবি, পেইন্টিং এবং পোস্টার সেগুলো সম্পর্কে কথা বলুন।

আপনার মহল্লা ও সিটির বিভিন্ন স্থানে *ফ্রি সঙ্গীতানুষ্ঠান,* শিল্পনির্মাণ এবং মিউজিয়মের অনুষ্ঠানগুলোতে *অংশ নিন।*



শিল্পকলা

স্কুলবছরের শেষে নাচ, সঙ্গীত, থিয়েটার এবং দৃশ্যকলায় অধিকাংশ শিক্ষার্থী এই বিষয়গুলো করতে সমর্থ হবে:

- নাচের ক্লাসের বাঁধা গৎ বুঝে দলগত নাচে অংশ নেবে।
- শরীরের বিভিন্ন অঙ্গপ্রত্যঙ্গ চিনবে এবং সেগুলো ব্যবহার করবে।
- স্থান, সমতল ও গঠনের ধারণা লাভ করবে।
- ছবি ও সঙ্গীতের প্রতিক্রিয়ায় নড়াচড়া করবে।
- সঙ্গীতের স্বরগ্রাম ও ছন্দ অনুকরণ করবে এবং কাছাকাছি পৌঁছুবে।
- শরীরের বিভিণ্ণ অংশের সাহায্যে একলয়ে তাল ঠুকবে (যেমন তালি ও পা ঠোকা)।
- ছন্দনির্ভর যন্ত্র চিনবে, যেমন ড্রাম, ট্রায়াঙ্গেল এবং শেকার।
- স্বরগ্রাম ও ধ্বনির জোর বর্ণনায় সঙ্গীতের সাধারণ পরিভাষা ব্যবহার করবে।
- আবেগ শনাক্ত ও অনুকরণ করবে।
- চরিত্র ও পরিবেশ সৃষ্টিতে পোশাক ও আসবাব নিয়ে সৃষ্টিশীল খেলায় মেতে উঠবে।
- নানা ধরনের পুতুল বানাবে ও পুতুল নিয়ে খেলবে।
- বক্র রেখা ও সরল রেখার সাহায্যে মানুষ ও পশুর অবয়ব আঁকবে।
- সমতল কোনকিছুতে চওড়া ব্রাশ ও মোটা ক্রেয়ন ব্যবহার করবে।
- মাটি ছেনে ও খুঁচিয়ে কোন আকৃতি গড়বে।

এখানে কিছু বই ও ওয়েবসাইট দেয়া হল যেগুলো আপনার সন্তান ও আপনি উপভোগ করতে পারবেন।

জিরাফস্ ক্যান্ট ড্যান্স, লেখক গাইলস অ্যান্ড্রেয়া

মিউজিক প্লে, লেখক ওয়েন্ডি এইচ ভ্যালেরিও এবং অন্যান্য

টোয়েন্টি-ফাইভ জাস্ট-রাইট প্লেস ফর এমিগ্রেন্ট রিডার্স, লেখক ক্যারল পুলিয়ানো-মার্টিন

দি আর্ট লেসন, লেখক টোমি ডিপাওলা

www.creativedance.org/index.cfm

www.childrens-music.org/childrens-music/early_child.htm

http://pbskids.org/zoom/activities/playhouse/

www.metmuseum.org/explore/Learn_About_Color/index.html

www.metmuseum.org/explore/van_gogh/menu.html

অপরিহার্য জ্ঞান ও দক্ষতা

আমাদের প্রি-কিন্ডারগার্টেনের শিক্ষার্থীরা লেখা, পড়া, অঙ্ক করার চেয়ে শিখছে বেশি। বিজ্ঞান, সমাজপাঠ ও শিল্পকলার মূল ধারাগুলো বুঝছে।

- ***শারীরিক পটুতা ও স্বাস্থ্য:*** দৈহিকভাবে কর্মঠ থাকা, স্বাস্থ্যসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা এবং বিভিন্ন ধরনের প্রথাগত ও অপ্রথাগত শারীরিক পটুতা বিষয়ক কার্যক্রমের জন্য শিক্ষার্থীরা সুযোগ লাভ করে। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/academics/fitnessandhealth
- ***লাইব্রেরি এবং গবেষণা:*** শিক্ষার্থীরা লাইব্রেরি সম্পর্কে জানা এবং তাদের বিশ্ব সম্পর্কে শেখা শুরু করে গল্পে এবং বইয়ে পাওয়া ধারণা থেকে। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/academics/libraryservices.
- ***প্রযুক্তি:*** ক্লাসরুমে শেখা ও সৃষ্টিশীলতা প্রকাশে সহায়তায় শিক্ষকদের চিহ্নিত যথোপযুক্ত সহায়তা উপকরণগুলো দেখার জন্য প্রি-কিন্ডারগার্টেনের ছেলেমেয়েরা কম্পিউটার ব্যবহার শুরু করে। আরও জানতে দেখুন: http://schools.nyc.gov/learnathome.

আরও জানুন

আপনার সন্তান এই বছর যেসব আদর্শ মান শিখবে, এই নির্দেশিকা সেগুলো সম্পর্কে একটি সাধারণ ধারণা দেয় মাত্র। আপনি কে থেকে ৮ সকল গ্রেডের জন্য এই নির্দেশিকা এবং সকল বিষয় ও সকল গ্রেডের মান সম্পর্কিত পূর্ণাঙ্গ তথ্য আমাদের www.nyc.gov/schools/academics ওয়েবসাইটে দেখতে ও ডাউনলোড করতে পারবেন।

টিচিং অ্যান্ড লার্নিং ডিভিশন এবং ফ্যামেলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিস (ওফিয়া) আপনার সন্তানের শিক্ষা এবং বাড়িতে ও স্কুলে উভয় স্থানে আপনি কীভাবে সাহায্য করতে পারেন সে-সম্পর্কে বিশদ তথ্য প্রদান করে। আরও তথ্যের জন্য টিচিং অ্যান্ড লার্নিং ওয়েবসাইট www.nyc.gov/schools/offices/teachlearn এবং ওফিয়া ওয়েবসাইট www.nyc.gov/schools/offices/OFEA দেখুন। আপনি আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর অথবা (212) 374-2323 নম্বরে ওফিয়াকে ফোন করতে অথবা ofea@schools.nyc.gov ঠিকানায় ইমেইল পাঠাতে পারেন। উপরন্তু, সন্তানকে সাথে নিয়ে দেখার জন্য সিটির সাংস্কৃতিক ও ঐতিহাসিক প্রতিষ্ঠানগুলো সম্পর্কে বাড়তি তথ্য পেতে হলে আপনি 311 নম্বরে ফোন করতে পারেন।

NYC Department of Education
Joel I. Klein, Chancellor

T&I-11640 (Bengali)

DIAL 311

ছবি অবসরপ্রাপ্ত আর্লি চাইল্ডহুড ইনস্ট্রাকশনাল স্পেশালিস্ট ন্যান্সি পাইকের সৌজন্যে প্রাপ্ত।